



## শিক্ষকের বেধড়ক বেত্রাঘাতে ছাত্র জখম

প্রকাশিত: ০৩ - অক্টোবর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, গলাচিপা || গলাচিপার চরবিশ্বাস জনতা মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্র আবদুল্লাহ আল জিয়াদকে একই বিদ্যালয়ের শরীর চর্চা শিক্ষক মোঃ মাইনুদ্দিন বেধড়ক বেত্রাঘাত করেছে। জিয়াদকে বুধবার সকালে মুমুর্শ অবস্থায় গলাচিপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। চিকিৎসকরা জানিয়েছেন, ওই ছাত্রের শরীরের বিভিন্ন জায়গায় বেতের আঘাতের চিহ্ন পাওয়া গেছে। সে মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছে। ছাত্রের বাবা মোহাম্মদ মুজাম্মেল হাওলাদার একই বিদ্যালয়ের গণিত বিষয়ের সহকারী শিক্ষক। এ বিষয়ে মুজাম্মেল হাওলাদার সহকারী শিক্ষকের বিরুদ্ধে গলাচিপা থানায় লিখিত অভিযোগ দিয়েছেন। অভিযোগে বলা হয়েছে, আবদুল্লাহ আল জিয়াদ এ বছর জেএসসি পরীক্ষার্থী। মঙ্গলবার বেলা আড়াইটার দিকে ক্লাস চলাকালীন আকস্মিকভাবে শরীর চর্চা শিক্ষক মোহাম্মদ মাইনুদ্দিন হাতে বেত নিয়ে ক্লাসে প্রবেশ করেন। কোন প্রশ্ন না করেই শিক্ষক মাইনুদ্দিন ছাত্র জিয়াদকে বেধড়ক বেত্রাঘাত শুরু করেন। জিয়াদের চিন্তারে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ক্লাসে ছুটে এসে শিক্ষক মাইনুদ্দিনকে নিবৃত্ত করার চেষ্টা করেন। কিন্তু এতেও মাইনুদ্দিন ক্ষান্ত হননি। এরপরও স্কুলছাত্রকে বেত্রাঘাত করা হয়।

জিয়াদের বাবা মুজাম্মেল হাওলাদার অভিযোগ করেন, ক্লাস ভর্তি ছাত্রাত্রীর মাঝে মারধর করায় তার ছেলে মানসিকভাবে ভেঙে পড়েছে। সে রাতে লজ্জায় আত্মহত্যারও চেষ্টা করেছে। শারীরিক ও মানসিক অবস্থার অবনতি হওয়ায় জিয়াদকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ বিষয়ে অভিযুক্ত সহকারী শিক্ষক মোঃ মাইনুদ্দিন বেত্রাঘাতের সত্যতা স্বীকার করে জানান, ছাত্রটি এক ছাত্রাত্রীর কাছে চিঠি দিয়েছে। সহকারী সন্তানকে নিজের মনে করে সংশোধনের জন্য একটু মারধর করেছি। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোঃ নাসিরউদ্দিন নেছার বেত্রাঘাতের সত্যতা স্বীকার করে জানান, ঘটনাটি একটু বাড়াবাড়ি হয়েছে। তবে মীমাংসার চেষ্টা চলছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক প্লোব জনকষ্ট শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিস্টার্স লি: ও জনকষ্ট লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকষ্ট ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঞ্জিনিয়ারিং কলেজ একাডেমিক কমপ্লেক্স, ঢাকা, ফোন: ৯৮৪৭৭৮০-৯৯ (অটোহাল্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৮৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright © All rights reserved by dailyjanakantha.com